

মানুষ কে ?

লোক ঠকান ব্যবসা যাহার

তৈল প্রদান কাজ

পরের নিন্দা জপের মন্ত্র

ভিক্ষা করে সাজ ;

‘মন্তের’ ভাব আর বাক্য কভু

সমান যাহার নয়

দীন দরিদ্র অনাথ প্রতিই

ক্রোধটা বেশী হয় ;

পরের মাথায় কাঁঠাল ভাঙ্গার

সুখ । জানেন যিনি

পরের পয়সায় ভাল বাসেন

খেলতে ছিনি মিনি ;

হিংসটা যার পৈতৃক ধন

লোভটাও যার তাই

মানুষ সত্য তারেই বলি

মানুষ ত আর নাই ॥

অনিষ্টটা কার কিসে হয়

জানা আছে বেশ

Widow-(re) marriage support ক’রে

সভ্য করেন দেশ ;

মুহুর্তে বলে চুলের বাহার

প্রণাম ভুলেন হায়

(বলেন) চরণামৃত full of germs

ওকি আবার খায় ?

পরের দুঃখ দেখলেই যার

হাসি লাগে ভালো

প্রশংসা কারো শুনলে বলেন

আঃ ছাই কি বলো!

স্বার্থে সদাই লক্ষ্য আছে

মিথ্যা গলার হার

মানুষ সত্য তারেই বলি

মানুষ নাইক' অর ॥

শ্রীনির্মল চন্দ্র চক্রবর্তী,

২য় বার্ষিক শ্রেণী,

'বি' শাখা ।

—————